দৈনিক আমাদের সময়

তারিখ 03 APR 2018
পৃষ্ঠা ... ১ ... কলাম ......

# প্রশ্নফাঁসমুক্ত এইচএসসি পরীক্ষা শুরু

নিজস্ব প্রতিবেদক ●

গত কয়েক বছর দেখা গেছে পরীক্ষা মানেই প্রশ্নফাঁস। তবে গতকাল শুরু হওয়া উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষায় দেখা গেল ব্যতিক্রম। কোথাও প্রশ্নফাঁসের খবর পাওয়া যায়নি। তবে পরীক্ষার প্রথম দিন সারা দেশে ১৩ হাজার ৭১৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন। বহিষ্কার হয়েছেন ৭ পরিদর্শক ও ৮৯ পরীক্ষার্থী। এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

● ছবি ■ পৃষ্ঠা : ৩

১৮ চক

## প্রশ্নফাঁসমুক্ত এইচএসসি পরীক্ষা শুরু

(প্রথম পৃষ্ঠার পর) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির এক প্রতিবেদনে এমন তথ্য পাওয়া গেছে। প্রথম দিন ঢাকা বোর্ডে ২ হাজার ৪৮৯ জন, রাজশাহী বোর্ডে ১ হাজার ২৫৬ জন, কুমিল্লা বোর্ডে ১ হাজার ১৯ জন, যশোর বোর্ডে ১ হাজার ৬১ জন, চট্টগ্রাম বোর্ডে ৯৯৮ জন, সিলেট বোর্ডে ৭০৬ জন, বরিশাল বোর্ডে ৬৫১ জন এবং দিনাজপুর বোর্ডে ১ হাজার ৬৩ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া মাদ্রাসা বোর্ডে ২ হাজার ৪৮৬ জন এবং কারিগরি বোর্ডে ১ হাজার ৯৮৯ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

এ ছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে কারিগরি বোর্ডে ৩২, মাদ্রাসা বোর্ডে ৪০, ঢাকা বোর্ডে ৭, বরিশাল বোর্ডে ৬, দিনাজপুর বোর্ডে ২ জন এবং যশোর ও সিলেট বোর্ডে একজন করে পরীক্ষার্থী বহিষ্কার হয়েছেন। এ ছাড়া সিলেট বোর্ডে ৪ জন এবং কারিগরি বোর্ডে ৩ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

বাংলাদেশের ২ হাজার ৫৪১টি কেন্দ্রে গতকাল একযোগে শুরু হয়েছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। প্রথম দিন অংশ নিয়েছেন ১০ লাখ ৭৯ হাজার ৩৫৯ শিক্ষার্থী।

তবে পরীক্ষার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ সম্মেলনে দেওয়া তথ্যমতে এইচএসসি ও সমমান পরীক্ষায় এবার ১৩ লাখ ১১ হাজার ৪৫৭ পরীক্ষার্থীর সংখ্যা প্রকাশ করা হয়।

পরিসংখ্যানের গরমিলের কারণ হিসেবে আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটির আহ্বায়ক তপন কুমার সরকার জানান, এইচএসসিতে দুই বিষয়ে (সর্বোচ্চ চারপত্র) ফেল করলে পরের বছর শুধু ওইসব বিষয়ে পরীক্ষা দেওয়া যায়। একদিন সবাই পরীক্ষায় অংশ নাও নিতে পারে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ .................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

৩/৪